

ত্ব-হা | Ta-Ha | طه

আয়াতঃ ২০ : ৩৪

আরবি মূল আয়াত:

وَنَذْكُرَكَ كَثِيرًا ﴿٣٤﴾

অনুবাদসমূহ:

এবং অধিক পরিমাণে আপনাকে স্মরণ করতে পারি। — আল-বায়ান

আর তোমাকে অধিক স্মরণ করতে পারি। — তাইসিরুল

এবং আপনাকে স্মরণ করতে পারি অধিক। — মুজিবুর রহমান

And remember You much. — Sahih International

৩৪. এবং আমরা আপনাকে স্মরণ করতে পারি বেশী পরিমাণ।(১)

(১) অর্থাৎ হারুনকে উযীর ও নবুওয়াতে অংশীদার করলে এই উপকার হবে যে, আমরা বেশী পরিমাণে আপনার যিকর ও পবিত্রতা বর্ণনা করতে পারব। তিনি বুঝতে পারলেন যে, সমস্ত ইবাদাতের প্রাণ হচ্ছে যিকর। তাই তিনি তার ভাইকে সহ এটা করার সুযোগ দানের দো'আ করলেন। [সা'দী]

তাফসীরে জাকারিয়া

(৩৪) এবং তোমাকে স্মরণ করতে পারি অধিক।[১]

[১] এখানে উক্ত দু'আ করার কারণ বলা হয়েছে। যাতে এইভাবে তোমার পয়গাম পৌঁছে দেওয়ার সাথে সাথে বেশী বেশী তোমার তসবীহ-যিকরও করতে পারি।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2382>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন